



চিঠিপত্র

letters.ittefaq@gmail.com

প্রাথমিক স্তরে সহায়ক বই

বর্তমান সৃজনশীল শিক্ষা পদ্ধতির লক্ষ্য শিক্ষার্থীরা মেধার পূর্ণাঙ্গতা নিয়ে যেন বেড়ে উঠে নিজেকে বিকশিত করতে পারে। বিকশিত হতে সৃজনশীলতাই উত্তম। সে লক্ষ্যে পাঠ্যবইগুলো সাজানো হয়েছে স্তরে স্তরে। প্রাথমিক স্তরে বাংলা বইয়ে ব্যাকরণের কিছু ধারণা দেওয়া আছে, রচনা লিখতে বলা হয়েছে, পত্র লিখতে বলা হয়েছে। শিক্ষার্থীদের নিজে নিজে এসব ধারণা হিসেবে বেশিদূর এগুনো সম্ভব নয়। এ ক্ষেত্রে সৃজনশীলতায় পূর্ণাঙ্গতা পেতে রেফারেন্স বই হিসেবে একটি প্রাথমিক স্তরের ব্যাকরণ বই অন্তর্ভুক্ত করলে ভালো হতো। ফেননা, কথায় আছে যে জানে না ব্যাকরণ, তার পড়া অকারণ। আর ব্যাকরণ ভালোভাবে না জানলে বাংলা ভাষা ও সাহিত্যে প্রাথমিকভাবে দক্ষতা অর্জনে পরিপূর্ণতা আসবে না। তেমনি ইংরেজি ক্ষেত্রে কমিউনিকোটিভ সিস্টেম চালু করা দরকার। কিন্তু ইংলিশ গ্রামারের বেসিক ধারণা যথা টেনস, সেনটেনস, পার্টস অব স্পিচ ইত্যাদি সম্পর্কে গলোভাবে না জানলে, আয়ত্তে না নিলে হয়তো ঘাটতিই থাকে যাবে। আবার পৃথিবী, পরিবেশ, দেশ, ইতিহাস, বৈজ্ঞান ইত্যাদির সাথে সাধারণ জ্ঞান সম্পর্কিত কিছু গারণা আজ সময় ও বাস্তবতার চাহিদায় জরুরী। এতে মধা আর সৃজন শাবিত হবে। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তি অনুরোধ, প্রাথমিক স্তরে শ্রেণি উপযোগি বাংলা, করণ, ইংলিশ গ্রামার এবং সাধারণ জ্ঞানের বই পাঠ্য হিসেবে সংযুক্ত করার বিষয়টি ভেবে দেখুন।
ন সরকার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা